বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা)-এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৭৯

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

## দপ্তরাদেশ

"বিছানাকান্দি নদীর ডানতীরের ভাঙ্গন হতে বিছানাকান্দি গ্রাম ও পর্যটন এলাকা রক্ষায় স্থায়ী নদীতীর সংরক্ষণ" এবং "সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ডিবির হাওরের বাঁধ নির্মাণ ও পরিবেশ বান্ধব পর্যটনের বিকাশ" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পদ্বয়ের ডিপিপিতে অন্তর্ভুক্ত বিভিন্ন অংগের কাজ বাস্তবায়নের যৌক্তিকতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্র. নং | কর্মকর্তাগণের নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| **১।** | **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৯, বাপাউবো, ঢাকা।** | **আহ্বায়ক** |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব নোমান হায়দার, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৯, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি. ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মো. রুবেল হাসান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| **৬।** | **নির্বাহী প্রকৌশলী (পুর), সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট।** | **সদস্য-সচিব** |

**কমিটির কার্যপরিধি:**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার; স্থানীয় সংসদ সদস্য/জনপ্রতিনিধি/জনগণ; প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাগণের সাথে আলোচনার মাধ্যমে মতামত প্রদান;

খ) আলোচ্য প্রস্তাবিত প্রকল্পদ্বয়ের ডিপিপিতে অন্তর্ভুক্ত বিভিন্ন অংগের কাজ বাস্তবায়নের যৌক্তিকতা নিরূপণপূর্বক মতামত ও সুপারিশ প্রদান;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কারিগরি/সমীক্ষা প্রতিবেদন, নদীভাঙ্গন সংক্রান্ত তথ্য, হাইড্রোলজিক্যাল/মরফোলজিক্যাল তথ্য, পরিবেশগত তথ্য এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

ঘ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

ঙ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা, কীভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, ব্যবসায়ী, শিক্ষার্থী, স্থানীয় বাসিন্দা, পর্যটন সংশ্লিষ্ট জনগোষ্ঠী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রাপ্ত সুফল সম্পর্কিত মতামত প্রদান;

চ) প্রকল্প এলাকায় সুপারিশকৃত কার্যক্রম/অবকাঠামো প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র A3 সাইজের কাগজে সংযোজন;

ছ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন;

জ) বিবিধ।


২। কমিটি প্রয়োজনে অন্য যে কোনো কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং প্রস্তাবিত কমিটির কোনো কর্মকর্তা বদলি বা অন্যত্র গমন করলে তাঁর স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত ফরম্যাটে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা , নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| |
|---|
| ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৯, বাপাউবো, ঢাকা। |
| ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ৩। জনাব নোমান হায়দার, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৯, বাপাউবো, ঢাকা। |
| ৪। জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি. ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। |
| ৫। জনাব মো. রুবেল হাসান, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা। |
| ৬। নির্বাহী প্রকৌশলী (পুর), সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট। |




১৩-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৬৭৯/১ (১০)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩
১৩ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৪। প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), সিলেট পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, সিলেট।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, টেকনিক্যাল কমিটি।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। অফিস কপি।



১৩-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)